



# THE DAILY CAMPUS

Daily Campus, 31-10-2024, Online

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি সপ্তাহ উদ্বোধন



গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি সপ্তাহ উদ্বোধন © জনসংযোগ

বর্ণাঢ্য র্যালি ও কেক কাটার মাধ্যমে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি সপ্তাহ উদ্বোধন করা হয়েছে। আজ বুধসপতিবার (৩১ অক্টোবর) এর উদ্বোধন করা হয়। ইনফরমেশন স্টাডিজ বিভাগ, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি এবং ইউনেকো ঢাকা অফিস যৌথভাবে এই বছরের গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি সপ্তাহ উদ্বোধন করছে।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির মুখ্য উপদেষ্টা ও প্রতিষ্ঠাতা উপাচার্য এবং বোর্ড অব ডিরেক্টরসের প্রতিষ্ঠাতা সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন ও ডিসি প্রফেসর শামস রহমান, হেড অব দ্যা অর্গানাইজেশন এন্ড কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ টু বাংলাদেশ ড. সুজান ভাইজ, ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. দিলারা বেগম অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অতিথিবৃন্দ তাদের বক্তৃতায় আমাদের চারপাশের ডিজিটাল স্পেসে গণমাধ্যম এবং তথ্য সাক্ষরতার গুরুত্বের ওপর জোর দেন। এই বছরের প্রতিপাদ্য 'দ্য নিউ ডিজিটাল ক্রান্টিয়ারস অব ইনফরমেশন: মিডিয়া এন্ড ইনফরমেশন লিটারেসি ফর পাবলিক-ইন্টারেস্ট ইনফরমেশন'-কে সামনে রেখে এই বিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্য প্রফেসর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এই বিষয়ে আরও কাজ করার আহ্বান জানান।



উদ্বোধনী বক্তব্যে ড. সুজান ভাইজ প্রতিবছর এই গুরুত্বপূর্ণ দিবস আয়োজনের জন্য ইনফরমেশন স্টাডিজ বিভাগকে অভিনন্দন জানান। গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি সপ্তাহ ২০২৪-এর আয়োজক প্রফেসর ড. দিলারা বেগম তার বক্তৃতায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং ইউনেকো ঢাকা অফিসকে এই অনুষ্ঠান আয়োজনে তাদের সহায়তার জন্য ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ইউনেকো ঢাকা অফিসের সেক্টর লীড-কমিউনিকেশন এন্ড ইনফরমেশন নুরে জাম্মাত প্রমা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থীবৃন্দ, তথ্য পেশাজীবী, সরকারি কর্মকর্তা ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি সপ্তাহ ২০২৪-এর এই বছরের সংস্করণে মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি নেটওয়ার্ক প্রতিষ্ঠার মাধ্যমে তরুণ প্রজন্মকে মধ্যে মিডিয়া এন্ড ইনফরমেশন লিটারেসি বিষয়ক দক্ষতা অর্জনের উপর গুরুত্বারোপ করা হয়।

ইনফরমেশন স্টাডিজ বিভাগ, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি এবং ইউনেকো ঢাকা অফিস ৩১ অক্টোবর থেকে ৪ নভেম্বর পর্যন্ত সপ্তাহব্যাপী অনুষ্ঠানের আয়োজন করছে যার মধ্যে রয়েছে ক্যাম্পাসে এবং অনলাইন প্রাটফর্মে মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি বুদ্ধির জন্য নেটওয়ার্ক প্রতিষ্ঠা, প্রচারণা, কর্মশালা, সেমিনার ইত্যাদি।

উল্লেখ্য যে, ইনফরমেশন স্টাডিজ বিভাগ ২০১৭ সাল থেকে বৈশ্বিক এই কর্মসূচিটি নিরবিচ্ছিন্নভাবে উদ্বোধন করে আসছে, যা বাংলাদেশের জন্য এক অনন্য উদাহরণ।